গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
এফ-১/এ, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।

[কাস্টমস: ক্লাসিফিকেশন এ্যান্ড এ্যাডভান্স রুলিং শাখা]

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.১১.০০৪.২০২০/ ১১৬ তারিখ: ০৫ সেপ্টেম্বর, ২০২৩ খ্রিঃ।

**কাস্টমস রুলিং (অগ্রিম) নং-৪৫/২০২৩**

**বিষয়ঃ আমদানিতব্য 'GRINDSTEDMONO-DI HP 60 SG' নামক পণ্যের শ্রেণীবিন্যাস বিষয়ক অগ্রিম রুলিং।**

সূত্রঃ CONNELL BROS. CO. BANGLADESH (PVT.) LTD এর ০৬/০৬/২০২৩ খ্রিঃ তারিখের আবেদন।

CONNELL BROS. CO. BANGLADESH (PVT.) LTD নামক প্রতিষ্ঠান 'GRINDSTEDMONO-DI HP 60 SG' নামক পণ্যের শ্রেণীবিন্যাস বিষয়ে অগ্রিম রুলিং চেয়ে জাতীয় রাজস্ব বোর্ডের অগ্রিম রুলিং ইউনিট বরাবর নির্ধারিত ফরম-এ আবেদন করেছেন।

(ক) আবেদনকারীর পরিচিতি:

| | |
|---|---|
| আবেদনকারীর নাম | CONNELL BROS. CO. BANGLADESH (PVT.) LTD |
| আবেদনকারীর ঠিকানা | CONNELL BROS. CO. BANGLADESH (PVT.) LTD, Plot No A-118, BSCIC I/A TONGI, PS. GAZIPUR, BANGLADESH. |

(খ) রুলিং সংশ্লিষ্ট পণ্যের বিবরণ:

| | |
|---|---|
| পণ্যের জেনেরিক, বাণিজ্যিক এবং প্রচলিত নাম | 'GRINDSTEDMONO-DI HP 60 SG' |
| যে ভৌত অবস্থায় (Form) প্রকৃতিতে আমদানি করা হবে | Beads, White to off-white |
| উৎস দেশ (কান্ট্রি অব অরিজিন) | Denmark |
| আমদানিকারক কর্তৃক প্রস্তাবিত শ্রেণীবিন্যাস | 3404.90.90 |

২। আবেদনকারীর ঘোষণা অনুযায়ী আমদানিয় পণ্যের বিবরণ:

'GRINDSTEDMONO-DI HP 60 SG' পণ্যটি Toffees, Emulsified meat products gum base and dairy application এর ক্ষেত্রে ব্যবহৃত হবে। পণ্যটি Beads, White to off-white প্রকৃতিতে আমদানি করা হবে। পণ্যের গঠন উপাদান হচ্ছে Mono-diglyceride.

৩। বর্ণিত পণ্যের সঠিক শ্রেণীবিন্যাস এবং শ্রেনীবিন্যাসের পক্ষে যুক্তিঃ

দাখিলকৃত আবেদনটি মূলত নথি নং-০৮.০১.০০০০.০৫৪.১১.০০৪.২০২০/৩৮৫, তারিখ-০২ জানুয়ারি ২০২৩ খ্রিঃ এ জারিকৃত অগ্রিম রুলিং নং-৪৮/২০২২ এর অনুরূপ। উক্ত রুলিং এ আবেদিত পণ্যটি ছিল GRINDSTEDMONO-DI HP 60 MB যা বর্তমানে GRINDSTEDMONO-DI HP 60 SG নামে আমদানি করা হবে।

আমদানিকারক তার আবেদনে পণ্যটিকে এইচ এস কোড 3404.90.90 এ শ্রেণিবিন্যাসের জন্য আবেদন করেছেন। বাংলাদেশ কাস্টম ট্যারিফ অনুসারে হেডিং 34.04 এর পণ্য গুলো হল Artificial Waxes and prepared waxes. Explanatory notes এ হেডিং 34.04 এর ব্যাখ্যায় বলা হয়েছে- Apart from the exclusions mentioned above, the heading, does not cover (f) mixtures of mono-, di- and tri-, fatty acid esters of glycerol, not having the character of waxes (heading 38.24).

আবার Explanatory notes এ হেডিং 38.24 (B) এর Chemical Products and chemical or other preparation এর (11) তে নিম্নরুপ তথ্য উপস্থাপন করা হয়েছে- the preparations and chemical products falling here include:

(11) Mixtures of Mono-, di- and tri-, fatty acid esters of glycerol, used as emulsifiers for fats. Those which have the character of artificial waxes are, however, excluded (heading 34.04). সুতরাং দেখা যাচ্ছে, Character of artificial waxes এর উপস্থিতির উপর নির্ভর করে পণ্যটির এইচ এস কোড নির্ধারণ করতে হবে। Character of artificial waxes বিষয়ে Explanatory notes এর হেডিং ৩৪.০৪ তে বলা হয়েছে "..the waxes of paragraph (A) and (C) must have:

(1) a dropping point above $40^0$C; and

(2) a viscosity, when measured by rotational viscometry, not exceeding 10 Pa.S (or 10,000 cP) at a temperature of $10^0$C above their dropping point…"

এ প্রসংগে আমদানিকারকের দাখিলকৃত Product description sheet হতে দেখা যায়, সরবরাহকৃত নমুনার Dropping point $61^0$C. বর্ণিত অবস্থায়, সার্বিক বিবেচনায় পণ্যটি এইচ এস কোড 3404.90.90 তে শ্রেণিবিন্যাসিত হবে। কাস্টমস রুলিং (অগ্রিম), বিধিমালা, ২০১৬ এর বিধি ০৯ মোতাবেক এই অগ্রিম রুলিং জারি করা হল।

৪। অগ্রিম রুলিং এর কার্যকারিতা:

এই অগ্রিম রুলিং জারি হওয়ার তারিখ হতে ১৮ (আঠার) মাস পর্যন্ত কার্যকর থাকবে।

৫। আবেদনকারীর জন্য গুরুত্বপূর্ণ তথ্য:

(ক) এই অগ্রিম রুলিং এর কার্যকারিতা থাকাকালীন তৎকর্তৃক আমদানিয় পণ্যের জন্য বাংলাদেশের সকল কাস্টমস স্টেশনে ব্যবহার করতে পারবে।

(খ) এই অগ্রিম রুলিং এ সংক্ষুব্ধ হলে রুলিং প্রাপ্তির তারিখ হতে ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে তা রিভিউ এর জন্য অগ্রিম রুলিং ইউনিট বরাবরে লিখিতভাবে আবেদন করতে পারবে। রিভিউ আবেদনে উক্তরূপ আবেদনের যৌক্তিকতা সবিস্তারে উল্লেখ করতে হবে।

স্বাক্ষরিত/-০৫.০৯.২০২৩
(মোঃ মাসুদ সাদিক)
সদস্য (গ্রেড-১) (কাস্টমস: নীতি ও আইসিটি)
ও
সভাপতি, অগ্রিম রুলিং ইউনিট

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**
কমিশনার অব কাস্টমস
কাস্টম হাউস, চট্টগ্রাম/ ঢাকা/ বেনাপোল/ আইসিডি (কমলাপুর)/ মোংলা/ পানগাঁও।

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.১১.০০৪.২০২০/ ১১৮ (২৪)　　　　　　　　　　　　তারিখ: ০৫ সেপ্টেম্বর, ২০২৩ খ্রিঃ।

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১-১৬। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ (দক্ষিণ)/ (পূর্ব) /(পশ্চিম)/চট্টগ্রাম/ রাজশাহী/ সিলেট/কুমিল্লা/খুলনা/যশোর/রংপুর/বৃহৎ করদাতা ইউনিট (মূসক)/ (আপীল) ঢাকা-১/ (আপীল) ঢাকা-২/(আপীল) চট্টগ্রাম/(আপীল) খুলনা।

১৭-২০। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা/নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা/কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম।

২১-২২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর)/ঢাকা (দক্ষিণ)/চট্টগ্রাম।

২৩। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।

২৪। সিস্টেমস্ ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা (ওয়েব-সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

২৫। প্রথম সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।

২৬। দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।

২৭। সত্বাধিকারী, CONNELL BROS. CO. BANGLADESH (PVT.) LTD, Plot No A-118, BSCIC I/A TONGI, PS. GAZIPUR, BANGLADESH.

০৭/০৯/২৩


(মোঃ পারভেজ রেজা চৌধুরী)
দ্বিতীয় সচিব
কাস্টমস: ক্লাসিফিকেশন এন্ড এ্যাডভান্স রুলিং
ও
সদস্য সচিব, অগ্রিম রুলিং ইউনিট
ই-মেইল: nbrclassification@gmail.com